

# 'ভিন্ন সময়ে পরীক্ষা হলেও রেজাল্ট হবে একসঙ্গে'

ইত্তেফাক অনলাইন ডেক্স

প্রকাশ : ১৭ আগস্ট ২০২৩, ১০:৫৩



সংগৃহীত ছবি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, তিন বোর্ডে দশ দিন দেরিতে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হলেও একসঙ্গে ফল প্রকাশ করা হবে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন

বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকালে এইচএসসি পরীক্ষা শুরুর প্রথম দিনে রাজধানীর তেজগাঁও কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা জানান।

তিনি বলেন, প্রাক্তিক দুর্যোগের কারণে তিনি বোর্ডে দেরিতে পরীক্ষা শুরু হয়েছে ঠিকই। কিন্তু আমরা চেষ্টা করবো ৬০ দিনের মধ্যে একসঙ্গে রেজাল্ট প্রকাশ করতে।

মন্ত্রী বলেন, দেশে ডেঙ্গু মহামারি বাঢ়লেও ডেঙ্গু আক্রান্ত পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্রে বিশেষ ব্যবস্থা রয়েছে। সব পরীক্ষা কেন্দ্রেই ডেঙ্গু আক্রান্ত পরীক্ষার্থীর জন্য চিকিৎসাসহ বিশেষ ব্যবস্থা রয়েছে।